# APPENDIX B

ডিয়ার প্যারেন্ট (বাবা/মা)

নিম্নের স্কুল/কলেজ'এ প্যারেন্ট গভর্ণর ইলেকশন
< >

আমি আপনাকে এট জানাবার জন্য লিখছি যে আমাদের স্কুলে < > জন প্যারেন্ট গভর্ণরের জন্য জায়গা খালি আছে এবং আপনাকে আমরা এই নির্বাচনে অংশ নেওয়ার জন্য বা অন্য কোন প্যারেন্টকে মনোনয়ন দেওয়ার জন্য আমন্ত্রন জানাচ্ছি ।

হেড টিচারের সাথে গভর্ণিং বডির স্কুল পরিচালনার সার্বিক দ্বায়িত্ব আছে । গভর্ণিং বডির নিম্নের প্রধান তিনটি দ্বায়িত্ব আছে ঃ-

- পরিকল্পনা, সমাজের মূল্যবোধ এবং পরিকল্পিত নির্দেশনার স্পষ্টতা নিশ্চিত করা;
- স্কুলের শিক্ষা সম্পর্কিত কার্যক্রম এবং এর ছাত্র-ছাত্রীদের দ্বায়িত্ব হেডটিচারকে দেওয়া;
- স্কুলের আর্থিক বিষয়ক কার্যক্রম দেখা এবং টাকা-পয়সা যাতে সঠিকভাবে খরচ করা হয়, সে বিষয়টি নিশ্চিত করা ।

গভর্ণরদের তাদের দ্বায়িত্বের প্রতি দৃঢ়ভাবে প্রতিশ্রুতবদ্ধ হতে হবে, প্রশ্ন করা ও বিশ্লেশন করার এবং শেখার আগ্রহ থাকতে হবে । সে যাহোক, আমরা বিশেষ করে নিম্নের অভিজ্ঞতাসম্পন্ন প্যারেন্টদের কাছ থেকে মনোনয়ন আশা করছি ঃ- < >

আমদের প্যারেন্ট গভর্ণনরদের অফিসে কাজ করার স্থায়িত্বকাল < > বছর । আমাদের প্যারেন্ট গভর্নরগন সাধারনতঃ বছরে < > বার সাক্ষাৎ করে এবং < > কমিটি আছে, যারা এক টার্মে < > বার সাক্ষাৎ করে ।

আপনি যদি নির্বাচনে দাঁড়াতে চান বা অন্য কাউকে মনোনয়ন করতে চান, তাহলে আপনার সাথে দেওয়া ফরমটি পূরণ করুন এবং আপনার বাচ্চার মধ্যমে স্কুলে পাঠিয়ে দিন । পূরণকৃত নমিনেশন ফরম (মনোনয়নপত্র) অবশ্যই < > তারিখে স্কুল শেষ হওয়ার আগে ফেরত দিতে হবে । শূন্যপদের চেয়ে যদি মনোনয়নের সংখ্যা বেশী থাকে, তাহলে ভোট নেওয়া হবে এবং প্রত্যেক প্যারেন্টের কাছে আপনার সন্তানের মাধ্যমে ভোট দেওয়ার একটি কাগজ পাঠানো হবে ।

প্যারেন্ট গভর্ণর হিসেবে কাজ করার জন্য আপনার যোগ্যতা বা গভর্ণরদের দ্বায়িত্ব সম্পর্কে আরো তথ্য পেতে চান, তাহলে অনুগ্রহ করে আমার সাথে যোগাযোগ করুন ।

আপনার বিশ্বস্থ

হেডটিচার
Headteacher

## APPENDIX C

**প্যারেন্ট গভর্ণরস্'এর ইলেকশন**

**মনোনয়ন'এর প্রক্রিয়া - প্যারেন্ট'এর জন্য সংক্ষিপ্ত বিবরন**

### *যোগ্যতা/উপযুক্ততা*

1. আপনাকে অবশ্যই স্কুলের রেজিষ্টার্ড ছাত্র/ছাত্রীর প্যারেন্ট হতে হবে

   প্যারেন্ট'এর সংজ্ঞার মধ্যে অন্তর্ভুক্ত আছে এমন যে কোনো ব্যক্তি, যার বাচ্চার প্রতি আইন অনুযায়ী সকল অধিকার, দ্বায়িত্ব, ক্ষমতা এবং দ্বায়িত্বসমূহ আছে এবং সে কারনে এরমাঝে যে শুধু বাচ্চার জন্মদাতা বাবা-মা'ই অন্তর্ভুক্ত হবে তা নয়, অন্যদেরও অন্তর্ভুক্ত করা হবে, যেমন - সৎ বাবা-মা, আত্মীয়-সৃজন অথবা তাদের জন্মদাতা বাবা-মা'র পার্টনার (সঙ্গী) বা ফস্টার প্যারেন্ট (পালক বাবা-মা) ।

2. আপনি প্যারেন্ট গভর্ণর হওয়ার যোগ্য হবেন **না** যদি ঃ

   - আপনি স্কুলে বছরে 500 ঘন্টার বেশী কাজ করেন;
   - আপনি লেষ্টার সিটি কাউন্সিলের ইলেকটেড মেম্বার (নির্বাচিত সদস্য) হন
   - আপনি আইন অনুযায়ী অযোগ্য হয়ে থাকেন - এই চিঠির সাথে যোগ্য হওয়ার শর্তাবলী দেওয়া হয়েছে

   প্যারেন্ট গভর্ণর হওয়ার যোগ্যতা/উপযুক্তা সম্পর্কে আপনার যদি কোন সন্দেহ থাকে, তাহলে অনুগ্রহ করে হেডটিচারের সাথে যোগাযোগ করুন ।

3. গভর্ণরদের সকল নিয়োগ স্াক্ষরকৃত যোগ্যতার বিবৃতির উপর নির্ভর করবে ।

### *কিভাবে ইলেকশনে দাঁড়াতে হবে*

4. আপনি যদি ইলেকশনে দাঁড়াতে চান, তাহলে অনুগ্রহ করে সাথে দেওয়া ফরমটি পূরণ করুন এবং স্কুলের একজন রেজিষ্টার্ড ছাত্র/ছাত্রীর প্যারেন্টকে আপনাকে মনোনয়নের জন্য বলুন । উক্ত ব্যক্তি আপনার স্বামী/স্ত্রী বা পার্টনার হতে পারবে **না** ।

5. ভোটারদের কাছে বিলি করার জন্য প্রার্থীকে ব্যক্তিগত বিবৃতি দিতে পরামর্শ দেওয়া হয়ে থাকে, যদি ভোট করার প্রয়োজন হয় ।

6. পূরণকৃত নমিনেশন ফরম অবশ্যই <            > তারিখে স্কুল শেষ হওয়ার আগে ফেরত দিতে হবে । আপনি ফরমটি স্কুলে পোষ্ট করে পাঠাতে পারেন, কিন্তু সেটা অবশ্যই এই তারিখের মধ্যে হেডটিচারের কাছে পাঠাতে হবে ।

## স্কুল গভর্ণর হিসেবে কাজ করার যগ্য হওয়ার শর্তাবলী

নির্বাচন বা নিয়োগের সময় গভর্ণরকে অংশ্যই 18 বছর বয়সী হতে হবে এবং একই স্কুলে একের অধিক পদে গভর্ণর হতে পারবে না ।

## কোনো ব্যক্তি গভর্ণর বা সহকারী সদস্য হিসেবে কাজ করে যেতে অযোগ্য হবেন যদি সে (পুরুষ/মহিলা) ঃ

- ব্যাঙ্করাপ্সি (দেউলিয়া) রেস্ট্রিকশন অর্ডার, অন্তবর্তীকালীন ব্যাঙ্করাপ্সি অর্ডার, ডেট্ রিলিফ রেস্ট্রিকশন অর্ডার অথবা অন্তবর্তীকালীন ডেট্ রিলিফ রেস্ট্রিকশন অর্ডারের অধীনে থাকে;
- তাদের (পুরুষ/মহিলা) সম্পত্তি ক্রোক করা হয়ে থাকে এবং ক্রোক করা সম্পত্তি ফেরত, বাতিল বা কমানো না হয়;
- নিম্নের বিষয়গুলোর অধীনে ঃ
    - কোম্পানী ডাইরেক্টরস্ এ্যাক্ট 1986 এর অধীনে নিষেধাজ্ঞার আদেশ বা নিষেধাজ্ঞার ব্যবস্থা নেওয়া হবে
    - কোম্পানীস্ ডাইরেক্টরস্ ডিসকোয়ালিফিকেশন (নর্দান আয়ারল্যান্ড) অর্ডার 2002 এর অধীনে নিষেধাজ্ঞার আদেশ আছে
    - কোম্পানী ডাইরেক্টরস্ ডিসকোয়ালিফিকেশন (নর্দান আয়ারল্যান্ড) অর্ডার 2002 এর অধীনে নিষেধাজ্ঞার ব্যবস্থা গৃহীত হয়েছে
    - ইনসলভেন্সি এ্যাক্ট 1986 (কাউন্টি কোর্ট এ্যাডমিনিষ্ট্রেশন অর্ডার'এর অধীনে টাকা পরিশোধে ব্যর্থ হওয়া) সেকশন 429(2)(b) অধীনে আদেশ দেওয়া হয়েছে;
- চারিটি পরিচালনায় যেকোন অপকর্ম বা চ্যারিটিস্ এ্যান্ড ট্রাষ্টিস্ ইনভেষ্টমেনট (স্কটল্যান্ড) এ্যাক্ট 2005 সেকশন 34 এর অনুযায়ী পরিচালনা কর্মকর্তা বা নিয়ন্ত্রনকারী যেকোন ব্যক্তির উদ্বেগের কারনে - চ্যারিটি কমিশন বা কমিশনার বা হাইকোর্টের আদেশে চ্যারিটি ট্রাষ্টি অফিস বা চ্যারিটির ট্রাষ্টি থেকে বরখাস্ত করা হয়েছে;
- সেসব ব্যক্তির তালিকায় নাম থাকে, যাদেরকে সেক্রেটারী অব ষ্টেট কর্তৃক বাচ্চাদের সাথে কাজ করার অযোগ্য হিসেবে বিবেচনা করা হয়;
- বাচ্চাদের সাথে কাজ করার নিষেধাজ্ঞা থাকে বা এডুকেশন এ্যাক্ট 2002 এর নির্দেশনার অধীনে থাকে;
- সেকশন 28,29 বা 29A od ক্রিমিনাল জাস্টিস্ এবং কোর্ট সার্ভিসেস্ এ্যাক্ট 2000 অনুযায়ী বাচ্চাদের সাথে কাজ করার নিষেধাজ্ঞা আছে;
- চিলড্রেন এ্যান্ড ফ্যামিলিস্ (ওয়েলস্) মেসার 2010 পার্ট 2'এর অধীনে চাইল্ড মাইন্ডিং বা ডে কেয়ার প্রদানের রেজিষ্ট্রেশনে নিষেধাজ্ঞা আছে;

  চাইল্ড কেয়ার এ্যাক্ট 2006 পার্ট 3'এর অধীনে রেজিষ্ট্রেশনে নিষেধাজ্ঞা আছে
- গভর্ণর হওয়ার 5 বছর আগে বা গভর্ণর হওয়ার পর থেকে 3 মাসের কম (জরিমানা দেওয়ার সুযোগ ছাড়া) জেলে যাওয়ার সাজা (স্থগিত থাকুক বা না থাকুক) প্রাপ্ত হয়েছে;
- গভর্ণর হওয়ার 20 বছর আগে 2½ বছর বা তার বেশী জেল হওয়ার সাজাপ্রাপ্ত হলে;
- কখনও 5 বছর বা তার বেশী সময়ের জন্য সাজা পেয়ে থাকে;

- গভর্ণর হিসেবে নিয়োগ বা ইলেকশনের 5 বছর আগে বা এরপর EA 1996 (স্কুলে সমস্যা বা বিশৃঙ্খল করা) সেকশন 547 বা ফারদার এ্যান্ড হায়ার এডুকেশন এ্যাক্ট 1992 (শিক্ষা প্রদান করা হয় এমন স্থানে সমস্যা বা বিশৃঙ্খল করা) সেকশন 85A অনুযায়ী অপরাধী হিসেবে অভিযুক্ত হলে;
- প্রতি শিক্ষা বর্ষে স্কুলে 500 ঘন্টার বেশী কাজ করলে - যদি একই স্কুলে প্যারেন্ট গভর্ণর হতে চাইলে;
- লোকাল অথোরিটির নির্বাচিত সদস্য হলে (শুধুমাত্র প্যারেন্ট এবং কমিউনিটি গভর্ণরদের জন্য প্রযোজ্য);
- পুলিশ এ্যাক্ট 1997 এর সেকশন 113B অনুযায়ী ক্রিমিনাল রেকর্ড সার্টিফিকেট থাকার কারনে গভর্ণিং বডির ক্লার্ক কর্তৃক আবেদন প্রত্যাখ্যাত হলে
- ক্রমাগতভাবে ছয় মাস ধরে গভর্ণিং বডি মিটিং'এ না আসার কারনে গভর্ণর হিসেবে এই স্কুলে কাজ করার জন্য অযোগ্য হলে

**(যোগ্যতা/উপযুক্ততা সম্পর্কে আরো ব্যাখ্যা ব্যা পরামর্শের জন্য, অনুগ্রহ করে আপনার হেডটিচার'এর সাথে যোগাযোগ করুন ।)**

**APPENDIX E**

**প্যারেন্ট গভর্ণরস্ ইলেকশন'এর জন্য মনোনয়নপত্র (নমিনেশন ফরম)**

< >

## *প্রার্থী কর্তৃক পূরণ করতে হবে*

নাম ঃ ……………………………………………………………………………

(অনুগ্রহ করে বড় অক্ষরে লিখুন)

ঠিকানা ……………………………………………………………………………

……………………………………………………………………………

টেলিফোন নং. ……………………………………………………………………………

স্বাক্ষর ……………………………………………………………………………

**প্রার্থীর ব্যক্তিগত বিবৃতি (যদি চান আলাদা কাগজ ব্যবহার করুন)**

**প্রার্থীকে মনোনয়ন প্রদানকারী ব্যক্তি কর্তৃক পূরণ করতে হবে**

(উক্ত ব্যক্তি অবশ্যই প্রার্থীর স্বামী/স্ত্রী বা সঙ্গী (পার্টনার) হতে পারবেনা)

নাম ঃ ……………………………………………………………………………

(অনুগ্রহ করে বড় অক্ষরে লিখুন)

ঠিকানা ……………………………………………………………………………

……………………………………………………………………………

স্বাক্ষর ……………………………………………………………………………

এই ফরমটি অবশ্যই < > তারিখের কর্মদিবস শেষ হওয়ার মধ্যে স্কুলে ফেরত দিতে হবে ।

APPENDIX F

## প্যারেন্ট গভর্ণরস্ ইলেকশন

## প্যারেন্টদের জন্য নির্বাচনে ভোট দেওয়ার নির্দেশনা

1. **ব্যালট পেপার**

(a) আপনি যথাযথ বাক্সে(গুলো) X চিহ্ন দিয়ে শুধুমাত্র <          > জন প্রার্থীকে ভোট দিতে পারবেন । ব্যালট পেপারের কোথাও আর কোন চিহ্ন দিবেন না । প্রত্যেক প্যারেন্টকে অবশ্যই আলাদা ফরমে ভোট দিতে হবে ।

(b) আপনি যদি ব্যালট পেপার হারিয়ে ফেলেন বা সেটা নষ্ট হয়ে যায়, তাহলে অনুগ্রহ করে হেডটিচার থেকে আরেকটি নিয়ে নিন ।

2. **ব্যালট পেপার ফেরত দেওয়া**

(a) পূরণ করা ব্যালট পেপারটি (যদি চান খামে (এনভেলাপ) ভরে দিতে পারেন) অবশ্যই <                    > তারিখের স্কুল শেষ হওয়ার মধ্যে স্কুলে ফেরত দিতে হবে । আপনি ফরমটি স্কুলে পোষ্ট করে পাঠাতে পারেন, কিন্তু সেটা অবশ্যই এই তারিখের মধ্যে হেডটিচারের কাছে পাঠাতে হবে ।

(b) ব্যালট পেপারগুলো যখন স্কুলে ফেরত পাঠানো হবে, তখন সেগুলো একটি বন্ধ বাক্স বা পাত্রে রাখা হবে এবং গননা করার দিন সেগুলো খোলার জন্য নিরাপদভাবে রাখা হবে ।

3. **নির্বাচন পরিচালনা করা**

(a) স্কুলে হেড টিচার রিটার্ণিং অফিসারের ভুমিকা পালন করবে এবং নির্বাচন পরিচালনার দ্বায়িত্বে থাকবে ।

(b) সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী নির্বাচিত হবে ।

(c) কোন ভোটার তালিকা রাখা হবে না, তবে হেডটিচার নিরপেক্ষ নির্বাচনের জন্য যুক্তিসঙ্গত সকল পদক্ষেপ গ্রহন করবেন ।

(d) কোন ব্যক্তি যদি ব্যালট পেপার না পায় বা ফেরত দিতে না পারে, তাহলে নির্বাচন বাতিল হবে না।

4. **গণনা**

(a) প্রার্থী বা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে হেডটিচার <                    > তারিখে সকল পার্টিদের সম্মত সময়ে গণণা করার ব্যবস্থা করবে এবং নির্বাচনে কে সফল হয়েছে, তা ঘোষনা করবে ।

(b) হেডটিচার, যেকোন প্রার্থীদের সাথে - যদি উপস্থিত থাকে, তাদের সাথে আলোচনা করে সন্দেহজনক বা ক্ষতিগ্রস্থ পেপার সম্পর্কে সিদ্ধান্ত নিবে ।

(c) একটি খালি পদ পূরণ করার জন্য দুই বা আরো অধিক সংখ্যক প্রার্থীর সমসংখ্যক ভোট থাকলে. একটি মুদ্রা (কয়েন) দিয়ে টস্ করে ফলাফলের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে ।

(d) ব্যালট পেপারগুলো স্কুল কর্তৃক ছয় মাস রাখা হবে ।

5. **ফলাফল ঘোষনা**

হেডটিচার নির্বাচনের ফলাফল স্কুলের সাধারন যোগাযোগের মাধ্যমে সকল প্যারেন্টদেরকে জানাবে - যেমন নিউজলেটার'এর মাধ্যমে ।

**APPENDIX G**

## প্যারেন্ট গভর্ণরস্ ইলেকশনের জন্য ব্যালট পেপার

< >

### *প্রার্থীদের তালিকা*

| | | |
|---|---|---|
| 1. | প্রার্থীর নাম | ☐ |
| 2. | প্রার্থীর নাম | ☐ |
| 3. | প্রার্থীর নাম | ☐ |
| 4. | প্রার্থীর নাম | ☐ |
| 5. | প্রার্থীর নাম | ☐ |
| 6. | প্রার্থীর নাম | ☐ |
| 7. | প্রার্থীর নাম | ☐ |
| 8. | প্রার্থীর নাম | ☐ |
| 9. | প্রার্থীর নাম | ☐ |
| 10. | প্রার্থীর নাম | ☐ |

যথাযথ বাক্স(গুলো) X চিহ্ন দিয়ে আপনি হয়তো < > জন প্রার্থীকে ভোট দিতে পারবেন। আপনি ব্যালট পেপারে অন্য আর কোনো চিহ্ন দিবেন না।

ভোটারদেরকে প্রার্থী নির্বাচনে সহায়তা করার জন্য **প্রার্থীরা নিজেদের সম্পর্কে যে বক্তব্য দিয়েছে,** এই ফরমের সাথে তা দেওয়া হয়েছে।